

১। সর্বমোট অর্জন। সেপ্টেম্বর ২০২৫ মাসে ৩,৫১৬টি অভিযান পরিচালনা করে সর্বমোট টাকা ৭৬৩ কোটি ৪৭ লক্ষ ৬৬ হাজার ৬২২ মূল্যের অবৈধ বিভিন্ন প্রকার মালামাল আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।

২। চোরাচালান বিরোধী অভিযান। সেপ্টেম্বর ২০২৫ মাসে চোরাচালান অভিযানে মোট ১১,১৩,৫০,২৬৭ টাকার বিভিন্ন প্রকার অবৈধ চোরাচালান পণ্য আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পূর্ব জোন (বিসিজি স্টেশন কক্সবাজার) কর্তৃক আটককৃত অবৈধ চোরাচালান পণ্য



পূর্ব জোন (বিসিজি আউটপোস্ট শাহপুরী) কর্তৃক আটককৃত অবৈধ চোরাচালান পণ্য



পশ্চিম জোন (বিসিজি স্টেশন কৈখালী) কর্তৃক আটককৃত অবৈধ চোরাচালান পণ্য



ঢাকা জোন (বিসিজি স্টেশন পাগলা) কর্তৃক আটককৃত অবৈধ চোরাচালান পণ্য

*(Handwritten signature)*

সীমিত

৩। অস্ত্র উদ্ধার অভিযান। সেপ্টেম্বর ২০২৫ মাসে অবৈধ অস্ত্র উদ্ধার অভিযানে ০৮টি আগ্নেয়াস্ত্র, ৩১ রাউন্ড তাজা গোলা, ১২ রাউন্ড ফাঁকা কার্তুজ, ২৭টি দেশীয় ধারালো অস্ত্র, ০৩টি অস্ত্র তৈরীর সারঞ্জামাদি এবং ০৭ জন ডাকাতকে আটক করা হয়। আটককৃত ডাকাত ও অন্যান্য অস্ত্রাদি আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পূর্ব জোন (বিসিজি স্টেশন টেকনাফ) কর্তৃক আটককৃত অবৈধ অস্ত্র



দক্ষিণ জোন (বিসিজি স্টেশন হাতিয়া) কর্তৃক আটককৃত অবৈধ অস্ত্র

৪। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযান। সেপ্টেম্বর ২০২৫ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে ১,৮৩,১৬৪ পিস ইয়াবা, ২৪ বোতল ফেনসিডিল, ০১ বোতল দেশীয় মদ, ০৪ কেজি ৮৩৬ গ্রাম গাঁজা, ৩০০ লিটার দেশীয় মদ, ১০,০০০ লিটার দেশীয় মদ তৈরীর কাঁচামাল এবং ১৮ জন মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। আটককৃত মাদকদ্রব্য ও মাদক ব্যবসায়ীদেরকে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পূর্ব জোন (বিসিজি আউটপোস্ট সেটমার্টিন) কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য



পশ্চিম জোন (বিসিজি স্টেশন কৈখালী) কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য



দক্ষিণ জোন (বিসিজি স্টেশন পাথরঘাটা) কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য



পূর্ব জোন (বিসিজি স্টেশন টেকনাফ) কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য

সীমিত

৫। মৎস্য সম্পদ রক্ষা অভিযান। সেপ্টেম্বর ২০২৫ মাসে মৎস্য সম্পদ রক্ষা অভিযানে মোট ৭২৭,০৪,২২,৪০০ টাকা অর্থমূল্যের মালামাল তন্মধ্যে ১০,৫৭,৭৩,০০০ মিটার কারেন্ট জাল, ৪,৩৪,৩৪৫ পিস বেহন্দি জাল, ২,৪৩,৬৯,৪৬৫ মিটার চরঘেরা/অন্যান্য জাল, ১৬০ কেজি ইলিশ/জাটকা, ৪,৯৮৫ কেজি জেলি পুশকৃত চিংড়ি, ৩,১১,১০,৪০০ পিস চিংড়ি পোনা, ৬৯ কেজি অন্যান্য মাছ এবং ১৬টি বোট জব্দ করা হয়। জব্দকৃত বোট ও অন্যান্য পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পশ্চিম জোন (বিসিজি স্টেশন সুপতি) কর্তৃক আটককৃত অবৈধ জাল

পূর্ব জোন (বিসিজি আউটপোস্ট বাহারছড়া) কর্তৃক আটককৃত অবৈধ জাল



দক্ষিণ জোন (বিসিজি আউটপোস্ট রাঙ্গাবালী) কর্তৃক আটককৃত অবৈধ জাল

ঢাকা জোন (বিসিজি স্টেশন পাগলা) কর্তৃক আটককৃত অবৈধ জাল

৬। বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযান। সেপ্টেম্বর ২০২৫ মাসে বনজ ও পরিবেশ রক্ষা অভিযানে অভিযানে ১০৩ কেজি হরিণের মাংস, ৩০০ মিটার হরিণ ধরার ফাদ, ২,১৪০ কেজি পলিথিন এবং ০১ জন অপরাধীকে আটক করা হয়। আটককৃত মালামাল এবং অপরাধীদের আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়। এছাড়াও লোকালয়ে চলে আসা ০২টি হরিণ জীবিত উদ্ধার করতঃ বন বিভাগের নিকট হস্তান্তর করা হয়।



দক্ষিণ জোন (বিসিজি স্টেশন পটুয়াখালী) কর্তৃক আটককৃত অবৈধ পলিথিন



পশ্চিম জোন (বিসিজি স্টেশন কয়রা) কর্তৃক আটককৃত হরিণের মাংস

৭। উদ্ধার অভিযান। সেপ্টেম্বর ২০২৫ মাসে উপকূলীয় অঞ্চলে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে ১২১ জন যাত্রী/জেলে/অপহৃত ব্যক্তি, ০৫টি মৃতদেহ এবং ০১টি বোট উদ্ধার করা হয়। উদ্ধারকৃত যাত্রী/জেলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



ঢাকা জোন (বিসিজি স্টেশন পাগলা) কর্তৃক উদ্ধারকৃত মৃতদেহ

৩